দু’পক্ষের সংঘর্ষ থামাতে গিয়ে দিনমজুর নিহত

লক্ষ্মীপুরে দু’পক্ষের সংঘর্ষ থামাতে গিয়ে বাবুল হোসেন নামে এক দিনমজুর নিহত হয়েছেন।

রোববার রাত সাড়ে ৮টার দিকে জেলার সদর উপজেলার পূর্ব বিজয় নগর এলাকায় এ ঘটনা ঘটে। নিহত বাবুল ওই এলাকার মৃত শহিদ উল্লাহর ছেলে।

এ ঘটনায় জড়িতদের গ্রেফতার ও বিচারের বিক্ষোভ মিছিল করে স্থানীয়রা। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এসময় অভিযুক্ত সোহেলসহ ৬ জনকে আটক করে পুলিশ।

পুলিশ জানায়, তুচ্ছ ঘটনার জেরে সংঘর্ষে জড়িয়ে পড়েন স্থানীয় শহিদ ও সোহেল। তাদের সংঘর্ষ থামাতে এগিয়ে আসেন বাবুল হোসেন। এ সময় সোহেল সমর্থিত ১০/১২ জন বাবুলকে মারধর শুরু করে। এতে ঘটনাস্থলেই বাবুল মাটিতে লুটিয়ে পড়লে স্থানীয়রা তাকে উদ্ধার করে লক্ষ্মীপুর সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সদর থানার ওসি একেএম আজিজুর রহমান মিয়া জানান, ঘটনার পর ৬ জনকে আটক করা হয়েছে। এ ঘটনায় নিহতের স্ত্রী ৬ জনের নামসহ অজ্ঞাত আরও ৭-৮ জনকে আসামি করে মামলা করেছেন।